যুগান্তর

তারিখ ... ৭ ... ১৮ ... ৭৮১৭
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৬

আজ শিক্ষকদের শিক্ষা ভবন ঘেরাও

যুগান্তর রিপোর্ট

আজ শিক্ষা ভবন ঘেরাও করবেন শিক্ষকরা। বেসরকারি স্কুল, কলেজ ও মাদ্রাসার শিক্ষক-কর্মচারীদের চাকরি জাতীয়করণের একদফা দাবিতে সিলিজ কর্মসূচির অংশ হিসেবে শিক্ষক-কর্মচারী ঐক্যজোটের চাকে এ কর্মসূচি পালিত হচ্ছে। এতে নেতৃত্ব দেবেন সংগঠনটির চেয়ারম্যান অধ্যক্ষ মোঃ সেলিম ভূঁইয়া। বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীদের চাকরির নিরাপত্তা, সামাজিক মর্যাদা ও আর্থিক নিশ্চয়তার একমাত্র উপায় শিক্ষক-কর্মচারীদের চাকরি জাতীয়করণ। এ কারণে দেশের অন্যতম বৃহত্তম শিক্ষক সংগঠন শিক্ষক-কর্মচারী ঐক্যজোটের ব্যানারে শিক্ষকরা তাদের প্রাণের এ দাবি আদায়ের লক্ষ্যে দীর্ঘদিন থেকে আন্দোলন করে আসছেন। সংগঠনটির চেয়ারম্যান এক বিবৃতিতে চাকরি জাতীয়করণের দাবিতে আহূত কর্মসূচিতে দলমত নির্বিশেষে ঢাকা ও পার্শ্ববর্তী জেলাগুলোর শিক্ষক-কর্মচারীদের অংশগ্রহণের আহ্বান জানিয়েছেন। একইসঙ্গে এতে আশা প্রকাশ করা হয়, সরকার শিক্ষকদের শান্তিপূর্ণ কর্মসূচিতে বাধা দেবে না।